# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

India's National Spiritual Newspaper

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 JULY No. 5


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৯২:১-১০

১।সদাপ্রভুর প্রশংসা করা এবং, হে পরাৎপর, তোমার নামের উদ্দেশে গান করা, উত্তম।

২। দশ-তারের সুরবাহার এবং বীণার সুর সহযোগে

৩।সকালে তোমার অবিচল প্রেম এবং রাতে তোমার বিশ্বস্ততা প্রচার করা, উত্তম।

৪। হে সদাপ্রভু, তোমার হাত যা কার্য সাধন করেছে তার উদ্দেশে আমি আনন্দগান করি কারণ তুমি তোমার ক্রিয়াসকলে আমাকে আনন্দিত করেছ।

৫। হে সদাপ্রভু, তোমার কার্যসকল কত মহান, কত গভীর তোমার ভাবনা!

৬।অচেতন লোকেরা জানে না, মূর্খরা বুঝতে পারে না,

৭। যে যদিও দুষ্টরা ঘাসের মতো গজিয়ে ওঠে আর সব অনিষ্টকারী বৃদ্ধি পায়, তারা চিরকালের জন্য ধবংস হবে।

৮।কিন্তু তুমি, হে সদাপ্রভু, চিরকালের জন্য মহিমান্বিত।

৯। হে সদাপ্রভু, নিশ্চয় আমাদের শত্রুরা, নিশ্চয়ই আমাদের শত্রুরা বিনষ্ট হবে; সব অনিষ্টকারী ছিন্নভিন্ন হবে।

১০। তুমি আমার শিং বুনো যাঁড়ের মতো উন্নীত করেছ; খাঁটি তেল আমার মাথায় ঢেলে দিয়েছ।

# অভিষিক্তদের ভুল পদক্ষেপগুলি!

PROTECT YOUR ANOINTING!

*অনারারী এডিটর-ইন-চীফ, রেভা. অ্যাঞ্জেলীন সেলভাকুমারী*



সারা পৃথিবীতে প্রতিমাসে ১৬টি ভাষায় প্রকাশিত আমাদের এই পত্রিকাটি যারা বিশ্বস্তভাবে পাঠ করছেন, আমাদের সেই সমস্ত **তাঁর আহ্বানের প্রতিধ্বনির** সদস্যদের আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে শুভেচ্ছা জানাই। **...অনুগ্রহ ও শান্তি তোমাদের সহবর্তী হোক, যিনি আছেন, যিনি ছিলেন ও যিনি আসছেন তাঁর কাছ থেকে...** (প্রকাশিত বাক্য ১:৪)।

এই পদটি আমাকে প্রত্যেকটি পরিস্থিতিতে অনেক আশ্বাস দান করে, কারণ আমি জানি যে আমার এমন একজন ঈশ্বর আছেন যিনি আমার অতীত, বর্তমান এবং ভবিষ্যত জানেন। যিনি এই আশ্বাসসহ একজন বন্ধু এবং সঙ্গী হিসাবে আমার পাশে পাশে চলেন, আমি আমার জন্য ঈশ্বরের পরিকল্পনা এবং উদ্দেশ্যের মধ্যে, যা এই জগৎ সৃষ্টির আগে অভিষিক্ত করা হয়েছিল তার জন্য, অভ্যন্তরীণ শান্তি এবং আস্থাসহ ভবিষ্যতের সমস্ত অনিশ্চয়তাগুলির মোকাবিলা করতে পারি (ইফিষীয় ২:১০)।

*ক্রমশ: ৩য়পৃষ্ঠায়*




তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS

## from your dearly beloved brother...





**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**HON. EDITOR-IN-CHIEF**
Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**
Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM., MBA.

**ADMINISTRATION**
Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**
Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858 95661 31858

**E.MAIL**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call

**"সদাপ্রভু প্রতীক্ষায় আছেন তোমাদের প্রতি সহানুভূতিশীল হওয়ার জন্য " —** যিশাইয় ৩০:১৮

যীশু খ্রীষ্টে প্রিয় বন্ধুগণ,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের অতুলনীয় নামে আপনাদের শুভেচ্ছা জানাই!

ঈশ্বরের অনুগ্রহে আমরা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের জন্য আমাদের সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল এবং আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি পুনরায় শুরু করতে পেরেছি। আমাদের এই শিক্ষা প্রতিষ্ঠানগুলির জন্য দয়া করে প্রার্থনা করবেন।

এটা বুঝতে হবে যে যারা ভবিষ্যতে স্বাধীনভাবে প্রভুর সেবা করতে চান, তাদের অবশ্যই ঈশ্‌তত্ত্বের উপর কয়েকটি সার্টিফিকেট কোর্স করতে হবে এবং তাদেরকে একটি উপযুক্ত সংস্থার সঙ্গে সংযুক্ত থাকতে হবে। আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি এই বিষয়ে আপনাদের সাহায্য করার জন্য প্রস্তুত আছে। সন্ধ্যা বেলায় তামিল ভাষায় ক্লাসের ব্যবস্থা আছে। যারা হিন্দিতে অধ্যয়ন করতে চান তাদের জন্য আবাসিক সুযোগের ব্যবস্থা আছে। যাদের এই বিষয়ে প্রয়োজন আছে তারা আমাদের সঙ্গে সংযোগ করতে পারেন।

যারা আমাদের নহিমিয় বাইবেল কলেজগুলি থেকে স্নাতক হয়েছেন এবং এখন পরিচর্যা করছেন তাদের জন্য ১৩.০৫.২০২৪ তারিখে প্রাক্তন শিক্ষার্থীদের সহভাগিতা এবং নহিমিয় বাইবেল কলেজগুলির প্রাক্তন সদস্যদের একটি সভার আয়োজন করা হয়েছিল। ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের গ্রাজুয়েশন উপাসনা সভা ০১.০৬.২০২৪ তারিখে বিকাল ৫টার সময় অনুষ্ঠিত হয়েছিল। এ বছর ৩৮জন শিক্ষার্থী স্নাতক হয়েছিলেন এবং তারা তাদের পরিচর্যা কাজের জন্য বিভিন্ন মিশনক্ষেত্রগুলিতে গিয়েছেন।



*নহিমিয় বাইবেল কলেজের প্রাক্তন শিক্ষার্থী সদস্যগণ*



*২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের গ্রাজুয়েশন সার্ভিস*

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) ◘ BIBLECOR - Postal Courses (3 languages) ◘ YouTube Ministry ◘ Online Courses ◘ Theological Correspondence Courses (2 languages) ◘ Church Planting ◘ Nehemiah Bible Colleges ◘ Gospel Printing Press ◘ Great Commission Partners ◘ St. Paul's Matriculation School ◘ Crusades ◘ Community Development

তামিল এবং হিন্দি ভাষায় নহিমিয় বাইবেল কলেজে অধ্যয়ন করার জন্য আমাদের আরও অধিক শিক্ষার্থীদের প্রয়োজন। যাদের সেবা কাজে যাওয়ার প্রবল আগ্রহ আছে সেই সমস্ত শিক্ষার্থীদের আমাদের সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে অনুগ্রহ করে আমাদের সাহায্য করুন।

আমাদের পরিচর্যাগুলিকে আরও বিশেষভাবে বিকশিত এবং পরিচালিত করার জন্য আমাদের প্রয়োজন: ম্যাগাজিন ডিজাইনার, পত্রিকায় নিবন্ধগুলি অনুবাদ করার জন্য অনুবাদক, প্রিন্টিং প্রেসে কাজ করার জন্য সহযোগি, প্রেসের জন্য টেকনিশিয়ানের প্রয়োজন। মিডিয়া টেকনিশিয়ান,ড্রাইভার, ওয়াচম্যান, কম্পিউটার টাইপিস্ট, ডিটিপি অপারেটর, হাইস্কুলের জন্য শিক্ষক, চার্চগুলির জন্য দোভাষী, মিশনারী, পূর্ণ সময়ের জন্য সহযোগী পালক, ইত্যাদি। আমাদের সমস্ত পরিচর্যাগুলিতে আমাদের সঙ্গে কাজ করার জন্য আমাদের নারী এবং পুরুষ উভয় কর্মীদের প্রয়োজন। এই লোকদের প্রকৃত দর্শন এবং সততা আমরা কামনা করি। আমাদের পরিচর্যাগুলি বহুগুণ বৃদ্ধি পাচ্ছে। কিন্তু আমরা আমাদের সাহায্য করার জন্য উপযুক্ত কর্মী পাচ্ছি না। অনুগ্রহ করে আমাদের সাহায্য করার জন্য আপনি যা করতে পারেন তা করুন।

এই আধুনিক সময়গুলিতে, মুদ্রিত পত্রিকা এবং বই পড়ার পাঠকদের সংখ্যা কমে যাচ্ছে। সকলেই অনলাইনে পড়তে চায়। ৪০ থেকে ৫০ বছর ধরে যারা আমাদের 'তাঁর আহ্বানের প্রতিধবনি' পত্রিকা পাঠ করছেন তারা বৃদ্ধ বৃদ্ধা হয়ে যাচ্ছেন। কিছু সংখ্যক পাঠক গত হয়েছেন এবং কিছু সংখ্যক পাঠক বৃদ্ধাশ্রমে জীবন যাপন করছেন। আগে তারা আমাদের পরিচর্যার জন্য এবং আমাদের আর্থিক সাহায্যের জন্য প্রার্থনা করতেন। সেই কারণে আমাদের পত্রিকার পাঠক সংখ্যা অনেক কমে গেছে। আপনাদের পরিবারের সদস্যদের ঠিকানা এবং ই.মেল ঠিকানা পাঠিয়ে আমাদের সাহায্য করুন। আমরা তাদেরকে বিনামূল্যে পত্রিকা পাঠাবো। আমরা আপনার জন্য প্রার্থনা করি।

আমরা আপনাদের কাছে আমাদের অনুরোধগুলির উৎসাহমূলক সাড়া প্রত্যাশা করি।

আমাদের সদাপ্রভুর অনুগ্রহ আপনাদের সহবর্তী হোক।

যীশু খ্রীষ্টে আপনাদের দাস,

**পাস্টর অ্যালেকস্ স্যামসন স্যাম**

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

(+91) 98412 71858 / 98410 71858,

E.mail : samselvaraj333@gmail.com

## তাঁর আহ্বানের প্রতিধ্বনির পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের ৫ মিনিটের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** বাণীগুলি প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় সম্প্রচারিত হয়। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

এছাড়াও আপনারা আমার নিম্নলিখিত ব্যক্তিগত ফোন নম্বরগুলি আপনাদের মোবাইল ফোনে সেভ করতে পারেন: (+91) 98412 71858 / 98410 71858

— পাস্টর এস. স্যাম সেলভারাজ

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

ঈশ্বর কত জটিলভাবে আমাদের প্রত্যেককে তৈরী করেছিলেন সেই বিষয়টি গভীরভাবে বিবেচনা করার পর, আমি উপলব্ধি করেছিলাম যে আমাদের অস্তিত্ব কোনও আকস্মিক দুর্ঘটনা নয় কিন্তু স্বর্গীয় পরিকল্পনার একটি অংশ। এমনকী একজন যদি বিশ্বাস করে থাকে যে তাদের জাগতিক বাবা মায়ের দ্বারা তারা অবাঞ্ছিত অথবা অপ্রত্যাশিত ছিল, ঈশ্বর তাদের প্রত্যেককে অত্যন্ত যত্নেরসঙ্গে নিজের হাতে তৈরী করেছিলেন,যেমন গীত ১৩৯:১৩ পদে লেখা আছে, **"কারণ তুমি আমার অন্তরের সত্ত্বা নির্মাণ করেছ; এবং মাতৃগর্ভে তুমি আমার দেহকে বুনেছ।"** সেই কারণে, আমাদের বিশ্বাসের রচয়িতা এবং সিদ্ধিদাতার পরিচালনা সহ যে উদ্দেশে আমরা সৃষ্ট হয়েছিলাম তা অন্বেষণ করা এবং সম্পূর্ণ করা আমাদের দায়িত্ব।

ঈশ্বর স্বর্গীয় আহ্বান এবং দানগুলিসহ আমাদের অনুগ্রহ করেন যা আমাদের কৃতিত্বের ভিত্তিতে নয় কিন্তু তাঁর চরিত্রের উপর ভিত্তি করে তিনি দেন। তথাপি খুব সহজেই আমরা তাঁর পথ থেকে বিচ্যুত হতে পারি, প্রায়ই অজ্ঞাতভাবে, যতক্ষণ না আমরা আমাদের অভীপ্রেত পথ থেকে নিজেদের অনেক দূরে দেখি। ধন্যবাদের বিষয় হচ্ছে, আমাদের প্রেমময় ত্রাণকর্তার পথে ফিরিয়ে আনার জন্য আমাদেরকে পথ দেখানোর উদ্দেশে পবিত্র আত্মা সর্বদা উপস্থিত থাকেন।

ইস্রায়েলের প্রথম রাজা, শৌলের জীবনকে উদাহরণ হিসাবে ব্যবহার করে আমরা কয়েকটি সাধারণ পদক্ষেপ আবিষ্কার করবো যা আমাদেরকে ঈশ্বরের স্বর্গীয় উদ্দেশ্য থেকে বিপদগামী করতে পারে।

### শৌল: এর শুরুটা গুরুত্বপূর্ণ নয়, কিন্তু শেষটা!

ইস্রায়েলের প্রজারা যখন তাদের শাসনকর্তা হিসাবে রাজাদের রাজাকে প্রত্যাখ্যান করে একজন রাজার জন্য অনুরোধ করেছিল, ঈশ্বর তাদের ইচ্ছাপূর্ণ করেছিলেন। ধনবান এবং বিন্যামীন গোষ্ঠীর মধ্যে বিশিষ্ট, কীশের পুত্র, শৌল, প্রথম রাজা হিসাবে অভিষিক্ত হয়েছিলেন। একজন রাজা হিসাবে শৌলের সমস্ত জাগতিক গুণাবলী ছিল। শাস্ত্রে তাঁকে দেশের সব থেকে লম্বা বলে বর্ণনা করা হয়েছে(১ শমূ ৯:২)। সুতরাং, কী বিষয় এই মনোনীত, অভিষিক্ত, এবং প্রতিভাধর এই ব্যক্তিকে এমন মর্মান্তিক সমাপ্তির পথে চালিত করেছিল?

### প্রথম ভুল পদক্ষেপ

### অহঙ্কার!

ঈশ্বর যখন রাজা হওয়ার জন্য তাঁকে আহ্বান করেছিলেন তখন শৌলের আস্থার অভাব ছিল। এমনকী তিনি বলেছিলেন, **"আমি কি সেই বিন্যামীন গোষ্ঠীভুক্ত নই, যা ইস্রায়েলের মধ্যে সব চেয়ে ছোট গোষ্ঠী, এবং আমার বংশই কি বিন্যামীন গোষ্ঠীভুক্ত সব বংশের মধ্যে সবচেয়ে ছোট বংশ নয়?"** (১ শমূ ৯:২১)। **অভিষিক্ত না হয়ে, তিনি লজ্জিত হয়েছিলেন এবং লুকিয়ে থাকার চেষ্টা করেছিলেন** (১ শমূ ১০:২২)। আমাদের অবশ্যই মনে রাখতে হবে যে যেখানে ঈশ্বরের অনুগ্রহ আমাদের টিকিয়ে রাখতে পারে না সেখানে ঈশ্বর আমাদের আহ্বান করবেন না। ইস্রায়েলের প্রথম রাজা হওয়ার জন্য শৌলের পক্ষে তাঁর অনুগ্রহ যথেষ্ট ছিল। তাঁর এই সাদামাটা সূচনা

সত্ত্বেও ঈশ্বর তাঁকে আশীর্বাদ করেছিলেন। যাইহোক, যেই তিনি সাফল্য আস্বাদন করেছিলেন এবং বিজয়ের পর বিজয় অর্জন করেছিলেন, উদ্ভূত যশ এবং তোষামোদ, আমাদের অনেকের মতো তাঁকেও অন্ধ করেছিল।

১ শমূয়েল ১৫ অধ্যায়ে, আমরা একটি সমরূপ অনুচ্ছেদের সম্মুখীন হই যেখানে ঈশ্বর শৌলকে অমালেকীয়দের ধ্বংস করার আদেশ দিয়েছিলেন, কাউকে যেন ছাড়া না হয়, সমস্ত মহিলা এবং শিশুরাও এর অন্তর্ভূক্ত ছিল। আজকের দিনের দৃষ্টিভঙ্গিতে এটা নিষ্ঠুর বলে মনে হতে পারে এবং ঈশ্বরকে নিষ্ঠুর এবং প্রতিশোধস্পৃহ হিসাবে চিত্রিত করা হয়েছে বলে মনে হতে পারে। যাইহোক, ইস্রায়েলীয়দের ইতিহাস বিবেচনা করলে, অমালেকীয়েরা উদ্বিগ্ন এবং দুর্বল ইস্রায়েলীয়দের উত্যক্ত করতো, আক্রমণ করতো এবং সম্পূর্ণ ধ্বংস করার সুযোগ খুঁজতো।

## সাবধান!

সখরিয় ২:৮ পদে বাইবেলে বলা হয়েছে, **"কারণ যে কেউ তোমাদের স্পর্শ করে সে আমার চোখের মণি স্পর্শ করে"**।

অমালেকীয়রা তাঁর প্রজাদের সঙ্গে যে দুর্ব্যবহার করেছিল তার জন্য ঈশ্বর অসন্তুষ্ট হয়েছিলেন, কারণ ঈশ্বর তাদের তাঁর লালিত সম্পদ মনে করেন এবং সেই কারণে তিনি তাদের প্রতিশোধ নিতে চেয়েছিলেন। এটি মনে রাখা গুরুত্বপূর্ণ যে আমাদের এক ঈশ্বর আছেন যিনি আমাদের হয়ে যুদ্ধে লড়াই করেন। যাইহোক, শৌলের গল্পে, আমরা ভিন্ন উত্তর দেখি। শমূয়েল যখন তাঁর কার্যকলাপের বিষয় সংশোধন করেছিলেন তখন শৌলের তাৎক্ষণিক প্রতিক্রিয়া পাপ স্বীকার করা এবং মন পরিবর্তন করা হওয়া উচিত ছিল। **পরিবর্তে, তিনি শমূয়েলকে সমস্ত প্রাচীনবর্গের সামনে এবং ইস্রায়েলের প্রজাদের সামনে তাঁর সম্মান বজায় রাখতে বলেছিলেন, তিনি তাঁকে ফিরে আসতে অনুরোধ করেছিলেন যাতে তিনি তাঁর "ঈশ্বর সদাপ্রভুর" আরাধনা করতে পারেন** (১ শমূ ১৫:৩০)। **যখন শৌল তাঁর স্বীকৃতির চেষ্টা করেন এবং নিজের সম্মানের সৌধ গড়ে তোলার চেষ্টা করেন তখনই তাঁর মনোভাবের নম্রতা অহঙ্কারে স্থানান্তরিত হয়েছিল** (১ শমূয়েল ১৫:১২)।

সাফল্য এবং বিজয় প্রায়ই আমাদের মানসিকতা এবং মনোভাব পরিবর্তনের পথে পরিচালিত করে। একজন নম্র মানুষের থেকে সম্মানের এবং স্বীকৃতির চেষ্টা অহঙ্কারের বিপদের বিষয়টি ব্যাখ্যা করে।

**যে মুহূর্তে আমাদের জীবনে অহঙ্কার আসে, ঈশ্বর আমাদের জীবন থেকে তাঁর উপস্থিতি তুলে নেন এবং তিনি এমনকী আমাদের বিরুদ্ধে যুদ্ধ করেন** (যিশাইয় ৬৩:১০)। যাকোব ৪:৬ পদ আমাদের সতর্ক করে যে ঈশ্বর অহংকারীদের বিরোধীতা করেন কিন্তু তিনি নতনম্রদের অনুগ্রহ করেন। এটি আমাদের কথাবার্তা এবং কার্যকলাপের বিষয় প্রতিফলিত করার একটি গভীর অনুস্মারক। কত ঘন ঘন আমরা "আমার বাড়ি", "আমার জীবন", বা "আমি সবচেয়ে ভালো জানি" বলে আমাদের মালিকানা এবং জ্ঞান জাহির করি? এমনকী আমরা যখন বাহ্যিকভাবে নিজেকে নম্র দেখাই, আমাদের অহংকার যখন চ্যালেঞ্জের সম্মুখীন হয়, তখন আমাদের আসল স্বভাব প্রকাশ হয়ে যায়। "তুমি কি জানো আমি কে?" অথবা "আমার সঙ্গে এইভাবে কথা বলার সাহস তুমি কোথা থেকে পেয়েছো?" এই ধরণের কথাগুলো অপ্রত্যাশিতভাবে আমাদের মুখ থেকে বের হয়ে আসার মাধ্যমে আমাদের গুরুত্ব জাহির করার প্রবণতা আমাদের মধ্যে দেখা যায়। এই সতর্কতামূলক গল্পটি অহংকারের গহ্বরে পতিত হওয়ার বিরুদ্ধে একটি অনুস্মারক হিসাবে কাজ করে, বিশেষ করে সেই মুহূর্তে যখন আমাদের অহংবোধ হুমকির সম্মুখীন হয়। ব্যক্তিদের দ্বারা বলা হোক বা এমনকি যারা নিজেদের বিশ্বাসী বলে ঘোষণা করে তাদের মনেও যখন এই কথাটি প্রতিধ্বনিত হয়, "আপনি কি জানেন আমি কে?" তখনও এটি অহংকারের কপট প্রকৃতির বিরুদ্ধে একটি সতর্কতা হিসাবে কাজ করা উচিত।

## দ্বিতীয় ভুল পদক্ষেপ

### আত্ম-প্রতারণা!

একজন আত্মপ্রতারক ব্যক্তি হবেন সেই ব্যক্তি যিনি:

১) বাস্তবিক তিনি যা নয় তা বিশ্বাস করা
২) তাদের যা আছে তার থেকে অধিক থাকার বিষয় চিন্তা করা
৩) তিনি বিশ্বাসযোগ্য হওয়ার পরিবর্তে এমনভাবে আবির্ভূত হওয়ার ইচ্ছা করেন যা তিনি নন।

এখন, আমরা বাইবেলে যা বলা হয়েছে তা আবিষ্কার করবো:

- **"আপনার বিষয়ে যেমন বোধ করা উপযুক্ত, কেহ তদপেক্ষা বড় বোধ না করুক"** (রোমীয় ১২:৩)

....Contd. to page 6


RESIDENTIAL BIBLE COURSE
NEHEMIAH BIBLE COLLEGE, Chennai.

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE
REACHING NATIONS

Medium : Hindi

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Rush for Admission!

Diploma in Theology

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

* ONLINE CLASSES ARE AVAILABLE *

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে জুলাই থেকে ১৮ই আগস্ট, ২০২৪)**

(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জুলাই ১৯** : আমাদের সমস্ত সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্বাদের জন্য।

**দিন ২০:** ১৯৬৯ সাল থেকে পত্রিকা পরিযেবার প্রতি আমাদের প্রতিশ্রুতিবদ্ধতার উপর তাঁর আশীর্বাদের প্রাচুর্যতার জন্য।

**দিন ২১:** আমাদের প্রধান এবং শাখা মণ্ডলীগুলির পালক এবং বরিষ্ঠ সদস্যদের আশীর্বাদের জন্য।

**দিন ২২:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং দক্ষ কর্মীসহ এর অবিরত কার্যকলাপের জন্য।

**দিন ২৩:** বালাজি নগর, সন্তোষপুরম, এবং ভেলাচেরী মণ্ডলীর রবিবারের উপসনার নতুন বিশ্বাসীদের জন্য।

**দিন ২৪:** আমাদের ইয়ুথ এবং শিশু তত্ত্বাবধান পরিযেবার বিশ্বদর্শন এবং আশীর্বাদের জন্য।

**দিন ২৫:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আমাদের **নহিমিয় বাইবেল কলেজ** এবং **সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলকে** আশীর্বাদ করার জন্য।

**দিন ২৬:** আমাদের মিশন কর্মীদের মহান অঙ্গীকারবদ্ধতার জন্য।

**দিন ২৭:** আমাদের আবাসিক এবং **সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজ এবং সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** নতুন শিক্ষার্থী পেতে অনুগ্রহপুর্ণভাবে সাহায্য করার জন্য।

**দিন ২৮:** সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে আমাদের **ইউটিউব চ্যানেলে** পাঁচ মিনিটের বাণী প্রচার পরিচর্যাকে আশীর্বাদ করার জন্য।

**দিন ২৯:** সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে সুসমাচার প্রসার কার্যকে আশীর্বাদ করার জন্য।

**দিন ৩০:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ৩১:** আমাদের **সেণ্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** সমস্ত কার্যকলাপের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**আগস্ট ০১:** আমাদের প্রধান মণ্ডলীকে আরও নতুন বিশ্বাসীদের দ্বারা আশীর্বাদ করার জন্য।

**দিন ০২:** আমাদের চার্চের পালক এবং স্বেচ্ছাসেবকদের জন্য।

**দিন ০৩:** আমাদের **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে** আরও সমর্পিত খ্রীষ্টান শিক্ষক এবং প্রিন্সিপালসহ আশীর্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** আমাদের পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ৫:** পৃথিবীর লোকদের সমস্ত প্রয়োজনগুলির জন্য।

**দিন ৬:** আমাদের পরিচর্যার সমস্ত প্রয়োজগুলি পূরণের জন্য।

**দিন ৭:** আমাদের সমস্ত কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৮:** সারা পৃথিবীর অর্থনৈতিক মন্দার যেন সমাপ্তি হয়।

**দিন ৯:** ইউ টিউবে ভোর ২টোর সময় সম্প্রসারিত ৫মিনিটের মিডিয়া পরিযেবার জন্য।

**দিন ১০:** আমাদের **তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলি** আজ ৫৬ বর্ষে পদার্পন করার জন্য।

**দিন ১১:** ঈশ্বরের সন্তানদের আত্মিক এবং জাগতিক আশীর্বাদের জন্য।

**দিন ১২:** আমাদের ছুটিকালীন শিশুদের বাইবেল স্কুলের মাধ্যমে যে শত শত শিশুরা যীশু খ্রীষ্টের ভালোবাসার স্পর্শ পেয়েছে তারা যেন প্রভুতে টিকে থাকে এবং নিয়মিত আমাদের মণ্ডলীতে যোগদান করে।

**দিন ১৩:** মিশনারীদের এবং ঈশ্বরের পরিচর্যাকারীদের ওপর হিংসাত্মক কার্যকলাপ যেন বন্ধ হয়।

**দিন ১৪:** লোকদের ওপর যেন ঈশ্বরের অনুগ্রহ আরেকবার বর্ষিত হয়।

**দিন ১৫:** পরিবারগুলিকে বিচ্ছিন্ন করার জন্য শয়তানের মন্দ কার্যকলাপগুলি যেন ধ্বংস হয়।

**দিন১৬:** সারা পৃথিবীর মুমূর্ষু এবং বিষাদগ্রস্ত লোকদের উদ্ধারের জন্য।

**দিন ১৭:** এ মাসের সমস্ত আর্থিক প্রয়োজনগুলি পূরণের জন্য

**দিন ১৮:** সারা পৃথিবীতে অনুষ্ঠিত ছুটিকালীন বাইবেল স্কুলের মাধ্যমে যে শিশুরা এবং কিশোর কিশোরীরা পরিত্রাণ পেয়েছে তারে জন্য প্রার্থনা করুন।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

• **"কেননা যদি কেহ মনে করে, আমি কিছু, কিন্তু বাস্তবিক সে কিছুই নয়, তবে সে আপনি আপনাকে ভুলায়"** (গালাতীয় ৬:৩)।

• **"অহংকার আত্মপ্রতারণার দিকে চালিত করে"** (ওবদিয় ১:৩)।

শৌলের জীবনে এই বিষয়গুলি স্পষ্ট দেখা যায়; তাঁর অহংকার তাঁকে অন্ধ করেছিল এবং ঠকিয়ে ছিল, যা তাঁকে আত্মপ্রতারণার দিকে চালিত করেছিল।

আমরা কীভাবে পতিত হই এবং আমরা যখন আত্ম-প্রতারণার ফাঁদে পতিত হই তখন কী ঘটে:

## (ক) সম্পূর্ণরূপে ঈশ্বরের বাধ্য হতে অনিচ্ছুক হওয়া:

উদাহরণস্বরূপ, ঈশ্বর শৌলকে এই কথা বলে অমালেকীয়দের সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন করার আদেশ দিয়েছিলেন, **"এখন যাও এবং সম্পূর্ণ ধ্বংস করো"** (১ শমূ ১৫:২)। যাইহোক, ঈশ্বরের নির্দেশ অমান্য করে **"যা যা ভালো মনে হয়েছিল"** সেই বিষয়গুলি রক্ষা করার বিষয় মনোনীত করার দ্বারা শৌল নিজেকে প্রতারিত করেছিলেন (১ শমূয়েল ১৫:৯)। কী রাখার যোগ্য তা বিচার করার দায়িত্ব তিনি নিজের ওপর নিয়েছিলেন, এই ভাবে তিনি নিজের কাজগুলিকে ন্যায়সঙ্গত মনে করে নিজেকে ঠকিয়েছিলেন। এমনকী শৌল দাবি করেছিলেন, "আমি ঈশ্বরের আদেশ পালন করেছি" (১ শমূয়েল ১৫:১৩), যখন তিনি ঈশ্বরের নির্দেশগুলি অমান্য করেছিলেন।



*Samuel reprimands Saul for disobeying God's Command*

অনেক সময়, শৌলের মতো, আমরা এই ভেবে নিজেদের ঠকাই যে আমাদের কার্যকলাপগুলি ঈশ্বরের ইচ্ছার সঙ্গে মিল আছে যখন, বাস্তবে, তা থাকে না। কেবল ঈশ্বরের ইচ্ছানুসারে আমরা যে কাজগুলি করি তা তাঁকে সন্তুষ্ট করে, কিন্তু আত্ম-প্রতারণা আমাদের বিচারকে মেঘাচ্ছন্ন করে।

## (খ) তাঁর দোষ স্বীকার করতে অনিচ্ছুক



*Saul tries to justify disobedience in a spiritual way*

অহংকার এবং আত্ম-প্রতারণা তাঁর চোখ অন্ধ করেছিল, তাঁর হৃদয়কে অসাড় করেছিল, এবং তাঁর কর্ণকে বধির করেছিল, তাঁকে ঈশ্বরের রব শ্রবণ থেকে নিবারিত করেছিল। তিনি লোকদের এই বলে দোষারোপ করেছিলেন, "লোকেরা (আমি না) সদাপ্রভুর উদ্দেশ্যে বলিদান করার জন্য সব থেকে উৎকৃষ্ট মেষ এবং বলদগুলিকে হত্যা করেনি।" শৌল তাঁর অবাধ্যতাকে আত্মিকতায় পরিণত করার চেষ্টা করেছেন। সেই কারণে ঈশ্বর জোরের সঙ্গে বলেছেন যে বলিদান অপেক্ষা বাধ্যতা উত্তম। আত্ম-প্রতারণা আমাদের কার্যকলাপগুলির বিষয় নিজে দায়িত্ব গ্রহণ করার পরিবর্তে অন্যদের দোষারোপ করার পথে আমাদের চালিত করে।

## (গ) নিজেকে নতনম্র করতে অনিচ্ছুক হওয়া:

শৌল তাঁর অহংকারের শীর্ষে ছিলেন।

• তিনি তাঁর নিজের জন্য এই সৌধ নির্মাণ করেছিলেন:

• তিনি শমূয়েলকে তাঁকে সম্মান জানানোর জন্য জেদ ধরেছিলেন

• তিনি ঈশ্বরের স্বীকৃতির উর্দ্ধে লোকদের কাছ থেকে সম্মান লাভের জন্য সচেষ্ট হয়েছিলেন।

• ঈশ্বরের সামনে নম্র হওয়ার এবং ক্ষমা চাওয়ার পরিবর্তে, তিনি তাঁর প্রজাদের মধ্যে

(ক্রমশঃ ৮ম পৃষ্ঠায়)

NEHEMIAH BIBLE EVENING COLLEGE

Chepauk & Santhoshapuram, Chennai.

ECHO OF HIS CALL 1969-2019

REACHING NATIONS

Medium :Tamil

Rush for Admission!

Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years

Diploma in Theology

Qualification : 10th Standard & above

Contact : The Chairman, Nehemiah Bible College.

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, BELLS ROAD, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

## MAIN CHURCH PROGRAMMES

1. Prayer Service : 24 hours
2. **ECHO OF HIS CALL** - Monthly Magazines :English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
3. **BIBLECOR** - Basic Bible Courses (English, Tamil & Hindi)
4. Theological Correspondence Courses: English & Tamil
5. Nehemiah Bible Colleges (Chepauk, Santhoshapuram & Velachery)
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes – Seminars & Retreats
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools (Chepauk) : 10.30 a.m. Sunday & (Velachery, Balaji Nagar & Santhoshapuram) 3.00 p.m. Sunday
13. **Early Morning Service : 5.30 a.m. Sunday**
14. **Preliminy Service : 8.00 a.m. Sunday**
15. **Tamil Service : 8.30 a.m. Sunday**
16. **Youth Meeting : 11.00 a.m. Sunday**
17. **Fellowship Lunch : 1.00 p.m. Sunday**
18. **Hindi Service : 4.00 p.m. Sunday**
19. **Telugu Service : 5.00 p.m. Sunday**
20. **English & Hindi Service : 6.00 p.m. Sunday**
21. Feedback Time : 7.30 p.m. Sunday
22. Women's Prayer : 5.30 p.m. Wednesday
23. Men's Prayer : 7.00 p.m. Friday
24. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
25. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
26. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
27. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
28. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
29. Night Prayer : 9.30 p.m. Third Friday
30. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
31. Holy Communion : Second Sunday Services
32. Youth / Kid Prayer : 10.00 p.m. daily (over phone)
33. Staff Devotion : 9.00 a.m. daily
34. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

**কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য**

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

বিনামূল্যে মাসিক পত্রিকা

**আহ্বানের প্রতিধ্বনি**

লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| Account Name | : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : 1023 2923 805 |
| Bank Name | : STATE BANK OF INDIA |
| Branch | : TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : SBIN 0000249 |
| SWIFT Code | : SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## ঈশ্বর আমাদের অতি ক্ষুদ্র প্রচেষ্টাকে সম্মান করেন

আমার পরিচর্যা জীবনের শুরু থেকেই, তাৎক্ষণিক ফলের বিষয় আশা না করে,তাঁর রাজ্য বিস্তারের জন্য যে কোনও দূরত্বে যেতে এবং ঈশ্বরকে গৌরবান্বিত করার জন্য যে কোনও চ্যালেঞ্জ গ্রহণ করতে ঈশ্বর আমাকে মন দিয়েছিলেন। ১৯৭৬-১৯৮৬ সাল পর্যন্ত সরকারী অফিস থেকে ছুটি নেবার বিষয় আবেদন করা এবং নিজের খরচে সুসমাচার অভিযান করার এবং ভারতের বিভিন্ন অংশে ছোট ছোট ক্রুশেডের দ্বারা সুসমাচার প্রচার করা আমার অভ্যাস ছিল।

ঈশ্বর আমাকে আমার আত্মিক বন্ধুদের সঙ্গে নেবার এবং অন্তত এক বা দুই মাসের জন্য বিভিন্ন সুসমাচার অপ্রসারিত গ্রামগুলিতে যেতে এবং যীশু খ্রীষ্টের সুসমাচারের মাধ্যমে হাজার হাজার লোকদের জীবন স্পর্শ করতে সাহায্য করেছিলেন। বেশ কয়েকবার, আমাকে আর্থিক প্রয়োজনগুলির জন্য ঈশ্বরের উপর নির্ভর করতে হয়েছিল, যেমন ট্রেনের টিকিট কেনা, বাসের টিকিট কেনা, আমার এবং আমার সহকর্মীদের জন্য হোটেল বুক করা, ইত্যাদি। ঈশ্বর অলৌকিকভাবে আমাকে সাহায্য করেছিলেন।

এই পরিচর্যার মাধ্যমে, ঈশ্বর আমাকে চেঙ্গালপেট জেলা, বিল্লুপুরম জেলা, মাদুরাই জেলা, ত্রিচি জেলা এবং কন্যাকুমারী জেলা, কুদাইকানাল এবং উটাকামুণ্ড , ত্রিবান্দ্রম, পীলামেদু, ইদুক্কি, বান্দিপেরিয়ার, বিজয়ওয়াড়া, ব্যাঙ্গালোর, মহীশূর ইত্যাদি জেলার দূরবর্তী এলাকাগুলি পরিদর্শন করতে সাহায্য করেছিলেন। যাত্রাকালে, বাসে এবং ট্রেনে আমাদের বাদ্যযন্ত্রগুলি এবং সুসমাচার ট্রাকগুলি নিয়ে যাওয়া নিয়ে আসার জন্য আমাদের বিভিন্ন প্রকারের শারীরিক কষ্টভোগ করতে হয়েছিল। আমার টাকার অভাব থাকায়, আমি পরিচর্যার জন্য এমনকী গাড়ীর ব্যবস্থা করার চিন্তাও করতে পারতাম না। কিন্তু ঈশ্বর আমার অভিপ্রায় লক্ষ্য করেছিলেন এবং আমার সাক্ষ্য শুনেছিলেন। ঈশ্বর এমন একজন অধার্মিক ব্যক্তি নন , যিনি আপনার ভালোবাসার কাজ এবং পরিশ্রম ভুলে যাবেন, যা আপনি তাঁর নামের জন্য বুনেছেন,যার মাধ্যমে আপনি পবিত্রগণের সেবা করেছেন, এবং পরিচর্যা করেন (ইব্রীয় ৬:১০)।

পরে আমি দেখেছি যে ঈশ্বর আমার সমস্ত সহকর্মীদের আশীর্ব্বাদ করেছিলেন এবং তাদেরকে উচ্চস্তরে উন্নীত করেছিলেন এবং তিনি তাদের আজকের দিনেও তাঁর দ্রাক্ষাক্ষেত্রে পরাক্রমের সঙ্গে ব্যবহার করছেন। তিনি আমাকেও অত্যাধুনিক যন্ত্রপাতি, গাড়ী, ভ্যান এবং ঐকান্তিক কর্মীদের সুযোগ সুবিধা দিয়ে আশীর্ব্বাদ করেছেন এবং ভারতের বিভিন্ন অপরিত্রাণপ্রাপ্ত লোকদের কাছে আরও অধিক থেকে অধিকতর রূপে সুসমাচার প্রচার করতে সক্ষম করছেন। এছাড়াও ঈশ্বর আমাকে সম্মানিত করেছেন, পৃথিবীর বিভিন্ন দেশে আমাকে নিয়ে গিয়েছেন এবং উত্তম বন্ধুদের দিয়ে আমাকে আশীর্বাদ করেছেন।

## সদাপ্রভুর ধন্যবাদ করো– আমাদের দৈন্য অবস্থায় তিনি আমাদের স্মরণ করলেন। (গীতসংহিতা ১৩৬ :১,২৩)

সেই একই ঈশ্বর এখনও জীবিত আছেন। তিনি ইচ্ছুক ব্যক্তিদের অনুসন্ধান করছেন যারা তাৎক্ষণিক পুরস্কার, উচ্চপদ এবং ভ্রষ্ট অভিপ্রায় ছাড়া তাঁর সেবা করার জন্য এগিয়ে আসতে পারে। **"তুমি জলের উপরে তোমার শস্য ছড়িয়ে দাও; অনেক দিন পরে তুমি হয়তো তার ফল পাবে"** (উপদেশক ১১:১)। তিনি কারও কাছে ঋণী থাকেন না।

ব্যক্তিগতভাবে আমি শিখেছি যে যদি আমাদের ঈশ্বরের রাজ্যের জন্য কিছু করার ইচ্ছা থাকে, তা আমাদের সঙ্গে সঙ্গে করা উচিৎ, আমাদের বাতাস এবং মেঘের অবস্থা দেখা উচিৎ নয়, কারণ **"যে বাতাসের দিকে তাকায় তার বীজ বোনা হয় না; যে মেঘ দেখে তার শস্য কাটা হয় না"** (উপদেশক ১১:৪)। জগৎ এবং জাগতিক লোকেরা আপনার সঙ্গে দাঁড়াবে...।

এখনকার দিনগুলিতে, আমাদের লোকেরা ঈশ্বরের রাজ্যের অগ্রগতির জন্য তাদের স্বাস্থ্য, টাকা এবং প্রতিভাগুলি বিনিয়োগ করতে চান না;পরিবর্তে তারা তাৎক্ষণিক উন্নতি এবং পুরস্কার আশা করেন। প্রিয় বন্ধু, যীশু খ্রীষ্টের সুসমাচারের কারণে আমি সত্যিই আশীর্ব্বাদ পেয়েছি। তিনি আপনাকেও আশীর্ব্বাদ করতে পারেন। আপনি কি এখনি যীশু খ্রীষ্টের জন্য কিছু করার উদ্দেশে সামনে এগিয়ে আসতে পারেন? আপনি কি আপনার ক্রুশ তুলে নিতে এবং তাঁকে অনুসরণ করতে পারেন? ঈশ্বর ইচ্ছুক ব্যক্তিদের অনুসন্ধান করছেন যারা সত্যিই তাঁর গৌরবময় সুসমাচার - যে কোনও উপায়ে - এবং যে কোনও মূল্যে প্রচার করতে আগ্রহী ( ১ করিন্থীয় ৯:২২)।

**আপনি যখন সেখানকার কথাগুলি পড়বেন, তখন আপনি অবশ্যই জানবেন যে আপনার জন্য ঈশ্বরের বিশেষ পরিকল্পনা আছে! জাগতিক সম্পদ, স্বাস্থ্য, সম্পর্ক, এবং যশ একদিন আপনাকে ঠকাবে!! কিন্তু যীশু খ্রীষ্ট কখনও আপনাকে সান্ত্বনাহীন ভাবে ছেড়ে চলে যাবেন না!!!** যোহন ১৪:১৮। আজই সিদ্ধান্ত গ্রহণ করুন। আপনার জন্য এক মহান পুরস্কার অপেক্ষা করছে!

*******

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

উচ্চিকৃত হওয়ার কামনা করেছিলেন।

আগেই যেমন উল্লেখ করা হয়েছিল, আমাদের সমস্ত কাজের বিভিন্ন পরিণতি আছে। আংশিক বাধ্যতা সম্পূর্ণ অবাধ্যতার সমান।

- ♦ শৌল তাঁর কাজের মাধ্যমে ঈশ্বরকে দুঃখিত করেছিলেন।
- ♦ এটি তাঁকে সঙ্গে সঙ্গে ঈশ্বরকে প্রত্যাখ্যান করার পথে চালিত করেছিল।
- ♦ তাঁকে রাজা করে ঈশ্বর এবং শমূয়েল উভয়ে অনুশোচনা করেছিলেন।

তিনি ঈশ্বরের ইচ্ছা থেকে দূরে থেকেছিলেন, তাঁর পথ হারিয়েছিলেন। আমাদের প্রার্থনা করতে হবে যাতে আমাদের মধ্যে কেউ জীবনের উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়ে শৌলের মতো জীবন যাপন না করি।

## তৃতীয় এবং শেষ ভুল পদক্ষেপ

## বিদ্রোহ!

শৌলের অহংকার তাঁকে আত্ম-প্রতারণার প্রতি চালিত করেছিল, এবং তিনি মিথ্যা পরিচিতি এবং বিদ্রোহ ও একগুঁয়ে স্বভাব ধারণ করেছিলেন। বিদ্রোহ হচ্ছে অবাধ্যতা এবং জেদী মনোভাবের সমার্থক, এবং এটি বিভিন্ন পরিণতি বহন করে। হিতোপদেশ ২৯:১ **"বহুবার ভর্ৎসিত হওয়ার পরও যে ঘাড় শক্ত করে রাখে সে হঠাৎ করে বিনষ্ট হয়ে যাবে— এর কোনও প্রতিকার নেই।"** তাঁর বিনাশ হঠাৎ তাঁর ওপর আসবে।

শৌল, অসচেতন ছিলেন যে তাঁর এই বিদ্রোহী স্বভাবের প্রভাব কেবল তাঁর নিজের ওপর পড়বে না, কিন্তু তাঁর ভবিষ্যত বংশধরদের ওপরেও পড়বে, তিনি যাজকদের দ্বারা সংরক্ষিত হোমবলি উৎসর্গ করার কর্তব্যটি পালন করার জন্য শমূয়েলের জন্য অপেক্ষা না করে তাঁর বিদ্রোহী মনোভাব প্রদর্শন করেছিলেন। বিদ্রোহ এবং অবাধ্যতার প্রত্যেকটি কার্য বিভিন্ন পরিণতি বহন করে।

বিদ্রোহ কারও কর্তৃত্বের বশীভূত হওয়ার, কর্তৃপক্ষের লোকদের বশীভূত হওয়ার গুরুত্বের বিষয়টিকে বড় করে দেখার বিষয়টিকে অস্বীকার করে। আমাদের পরিবারের মধ্যে, আমাদের অবশ্যই বাবা মা, স্বামী স্ত্রী, প্রাচীনদের, ব্যবস্থাপকদের, চার্চের নেতাদের, পালকদের, তদারককারীদের, এবং সব থেকে গুরুত্বপূর্ণ, ঈশ্বরের কাছে আমাদের বশ্যতা দেখাতে হবে।

বিদ্রোহের বিষয়টি হৃদয়ের বিষয়; এটা শুধু ব্যবহারের বিষয় নয়; এর জন্য আমাদের নিজেদের মধ্যে পরিবর্তনের প্রয়োজন হয়।

বাইবেল আমাদের বিদ্রোহের বিষয়ে অনেক মূল্যবান শিক্ষা দেয়:

- **বিরুদ্ধাচরণ হল ভবিষ্যৎ-কথনের মতো পাপ, যা ঈশ্বর কর্তৃক তীব্রভাবে ঘৃণিত বিষয়** (১ শমূ ১৫:২৩)।
- **ঈশ্বরের হস্ত আমাদের বিরুদ্ধে কাজ করে** (১ শমূয়েল ১২:১৪,১৫)।
- অনুতাপের ব্যর্থতার ফলে ঈশ্বর আমাদের বিনাশের মধ্যে ছেড়ে দিতে পারেন (১ করিন্থীয় ৫:৫)।

প্রিয় বন্ধুগণ, আমাদের হৃদয় যদি কঠিন হয়, পরিবর্তনে বিষয় প্রতিরোধ করে, উষ্ণতাবিহীন হয়, তাহলে তা রূপান্তরিত করার জন্য আমাদের অবশ্যই ঈশ্বরের সাহায্য চাইতে হবে। শাস্ত্র আমাদের স্মরণ করিয়ে দেয় যে **"যারা শেষ পর্যন্ত স্থির থাকবে তারা পরিত্রাণ পাবে"** (মথি ২৪:১৩)। যদিও ঈশ্বরের আহ্বান এবং উপহারগুলি অপরিবর্তনীয়, আমরা গর্ব, আত্ম-প্রতারণা, বিদ্রোহ এবং ঈশ্বরের উদ্দেশ্য থেকে বিচ্যুত হওয়ার মতো কাজের মাধ্যমে আমাদের মধ্যে পবিত্র আত্মাকে বাধা দিতে পারি, যা আমাদের সম্ভাব্য ব্যর্থতার দিকে নিয়ে যায়। আসুন আমরা অহংকারের বিনাশমূলক প্রভাবের বিরুদ্ধে সজাগ হই এবং বিষয়গুলি মেনে নেওয়ার চেষ্টা করি এবং সেই সমস্ত ভুলগুলিকে সংশোধন করার চেষ্টা করি যা আমাদেরকে জীবনের উদ্দেশ্য থেকে বিচ্যুত করতে পারে। আমরা যাতে ঈশ্বরের ইচ্ছার সঙ্গে সংযুক্ত থাকতে পারি সেই বিষয়টিকে সুনিশ্চিত করার জন্য আমাদের জীবনের ওপর গভীরভাবে চিন্তা করার জন্য সময় নেওয়ার বিষয়টি অত্যন্ত জরুরী।

* * * * * * * * * * * *


## জরুরী প্রয়োজন

### নহিমিয় বাইবেল কলেজ

ঈশ্বরের পরিচর্যা কাজে ১ বছরের প্রশিক্ষণের জন্য লোকদের প্রয়োজন।

১। **শিক্ষার্থী**

তামিল ভাষায় আমাদের সান্ধ্য কলেজগুলি থেকে ঈশ্বরের পরিচর্যা কাজে প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক যোগ্য শিক্ষার্থীরা (ছেলে এবং মেয়ে) নিম্নলিখিত ঠিকানায় বায়োডাটা পাঠান:

২।হিন্দী জানা পুরুষরা যারা আমাদের ক্যাম্পাসে থাকবে এবং বাইবেল পাঠক্রম গ্রহণ করবে।

যোগাযোগের দূরাভাষ নং 9841271858

শস্য প্রচুর, কর্মী কম। অনুগ্রহ করে আমাদের সাহায্য করার জন্য এগিয়ে আসুন।

## অফিস

আমাদের চার্চ অফিসের জন্য কম্পিউটার অপারেটার এবং কম্পিউটার টাইপিস্ট চাই। পর্যাপ্ত বেতন দেওয়া হবে।

যোগাযোগের দূরাভাষ নং 9841271858


## অনুগ্রহ করে মনোযোগ দিন

### পাস্টর এস.স্যাম সেলভা রাজের আত্মজীবনী!

আমরা পাস্টর এস. স্যাম সেলভারাজের আত্মজীবনী পুস্তকরূপে প্রকাশ করার কাজ সম্পূর্ণ করার প্রায় শেষ ধাপে এসে উপস্থিত হয়েছি। ঈশ্বর কীভাবে তাঁর পরিচর্যা কাজের মাধ্যমে আপনার আত্মিক বৃদ্ধিকে প্রভাবিত করেছেন সেই বিষয়ে দশ লাইনের মধ্যে সাক্ষ্য লিখে পাঠানোর অনুরোধ জানাচ্ছি। এছাড়াও আত্মজীবনী পুস্তকটিতে অন্তর্ভুক্ত করার জন্য ফটো পাঠানোর জন্যেও আমরা আপনাদের অনুরোধ জানাচ্ছি।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

**ECHO OF HIS CALL**
***Ministries***
**56th ANNIVERSARY** *(1969 - 2024)*

Gospel Crusades

**09.08.2024, Friday**
**10.08.2024, Saturday**
**11.08.2024, Sunday**
**Time : 6.00 P.M.**

Place:
**ECHO OF HIS CALL**
**10, MOHAMMED ABDULLAH 2ND STREET,**
**CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**
**98412 71858** **Please Pray!**

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **S. Sam Selva Raj** |
| A/C No. | : **1023 2934 679** |
| IFSC | : **SBIN 00 00 249** |

SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

| | |
|---|---|
| Branch | : **Anna Salai, Chennai-6** |
| Name | : **Echo of His Call** |
| A/C No. | : **6038 0502 2319** |
| IFSC | : **ICIC 000 6038** |

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

| | |
|---|---|
| Branch | : **Triplicane, Chennai-5** |
| Name | : **Echo of His Call Educational Trust** |
| A/C No. | : **1023 2923 805** |
| IFSC | : **SBIN 00 00 249** |

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য** : ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/24-26**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 15th JULY 2024**
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**